গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫১.০২০.১৫.১২৫০

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর "থার্টি ফার্স্ট নাইট" উদ্‌যাপন উপলক্ষে অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালন প্রসঙ্গে।।

আগামী ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর/২০২৩ 'থার্টি ফার্স্ট নাইট' উদ্‌যাপন উপলক্ষে যে কোন প্রকার নাশকতামূলক কার্যক্রম যেন ঘটতে না পারে সে বিষয়ে সর্বোচ্চ সতর্কতার সাথে দায়িত্ব পালন করার নিমিত্তে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য বাংলাদেশ আনসার ও ভিডিপির সকল ইউনিটসমূহকে নির্দেশ প্রদান করা হলোঃ

ক। দেশের সর্বত্র বিশেষ করে রাজধানীসহ বিভাগীয় ও জেলা শহরগুলোতে অধীনস্থ বিভিন্ন ক্যাম্পে মোতায়েনকৃত আনসার ব্যাটালিয়ন সদস্য ও অঙ্গীভূত আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা জারি ও প্রতিপালন নিশ্চিত করতে হবে।

খ। ব্যাটালিয়ন সদরসহ সকল ক্যাম্পে কর্তব্যরত প্রহরী সর্বদা সতর্ক থাকবে। ঝুঁকিপূর্ণ বিবেচিত এলাকায়/ক্যাম্পে অতিরিক্ত প্রহরী নিয়োগ করতে হবে।

গ। দায়িত্বপালনকালে নিজস্ব নিরাপত্তা এবং অস্ত্র ও গোলাবারুদের সর্বোচ্চ নিরাপত্তা বিধান এবং ডিউটিরত অবস্থায় অস্ত্রের নিরাপত্তা চেইন ব্যবহার নিশ্চিত করতে হবে।

ঘ। দায়িত্বপূর্ণ এলাকার নিরাপত্তা জোরদার করতে হবে এবং অপরিচিত লোকের অনুপ্রবেশ বন্ধ করতে হবে।

ঙ। নিরাপত্তার ঝুঁকি বিবেচিত হলে যেকোন ধরণের হ্যান্ড ব্যাগ যাচাই করে দেখার ক্ষেত্রে নিজে নিরাপদ দূরত্বে অবস্থান করে বাহক দ্বারা তা প্রাথমিকভাবে সম্পন্ন করতে হবে। রাতের বেলায় প্রতিটি পোস্টে ডাবল সেন্ট্রি রাখতে হবে এবং আগন্তুককে নিরাপদ দূরত্ব থেকে চ্যালেঞ্জ করতে হবে।

চ। ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর/২০২৩ 'থার্টি ফার্স্ট নাইট' এ যে কোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা রোধকল্পে অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে।

ছ। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ব্যক্তি মালিকানাধীন, ব্যাংক, শপিংমলসহ বিভিন্ন কেপিআই/সংস্থায় মোতায়েনকৃত অঙ্গীভূত আনসার সদস্যদের অধিক সতর্কতার সাথে দায়িত্ব পালন নিশ্চিত করতে হবে।

জ। পার্বত্য অঞ্চলে অধিক সতর্কতার সহিত দায়িত্ব পালন করতে হবে। বিশেষ করে এসআরপি/এলআরপি গমনকালে নিজের নিরাপত্তা রক্ষার জন্য (১০ হতে ১২ গজ পর্যন্ত) নিরাপদ দূরত্ব বজায় রাখতে হবে। জোট বেঁধে চলতে হবে একা একা কোথাও গমন করা যাবে না।

ঝ। যে কোন অনাকাঙ্খিত পরিস্থিতি উদ্ভব হলে তাৎক্ষণিকভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে এবং প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে।

ঞ। প্রয়োজনে স্থানীয় পুলিশ প্রশাসনের সাথে এ বিষয়ে সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ট। দায়িত্বপূর্ণ এলাকায় যে কোন সন্দেহভাজন ব্যক্তি বা গ্রুপকে দেখলে সতর্কতার সাথে পর্যবেক্ষণ করতে হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঠ। ২৫ ডিসেম্বর 'বড় দিন' ও ৩১ ডিসেম্বর/২০২৩ 'থার্টি ফার্স্ট নাইট' অনুষ্ঠানকে কেন্দ্র করে বিভিন্ন অনুষ্ঠানস্থল এবং র‍্যালীসমূহে উগ্রপন্থী গোষ্ঠী/স্বার্থান্বেষী মহলের অপতৎপরতা যাতে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করতে না পারে সে বিষয়ে বাহিনীর তৃণমূল পর্যায় পর্যন্ত সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

ড। নিজস্ব মাধ্যমে প্রয়োজনীয় গোয়েন্দা তথ্য সংগ্রহের ব্যবস্থা গ্রহণকরতঃ তদানুযায়ী ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে অন্যান্য আইনশৃঙ্খলা বাহিনীকে জানাতে হবে।

ঢ। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের অনুরোধের প্রেক্ষিতে মোবাইল কোর্টের এনফোর্সমেন্ট কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং নিরাপত্তা সংক্রান্ত ইতোঃপূর্বে জারিকৃত সকল নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২। আনসার গার্ড ব্যাটালিয়নসহ সকল ব্যাটালিয়নের Quick Response Team (QRT) সার্বক্ষণিক প্রস্তুত থাকবে।

৩। জরুরি প্রয়োজনে সদর দপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

ক। পরিচালক (অপারেশন্‌স): ০১৭৩০০৩৮০২২
খ। উপপরিচালক (অপারেশন্‌স): ০১৭৩০০৩৮০২৭
গ। সহকারী পরিচালকদ্বয় (অপারেশন্‌স): ০১৭৩০০৩৮২৫৭, ০১৭৭৭৭১৬৩৩৭

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পত্র জারি করা হলো।

১৪/১২/২০২৩


কানিজ ফারজানা শান্তা
বিএডি ১২০১৫৯
উপপরিচালক (অপারেশন)
মোবাইল নং-০১৭৩০-০৩৮০২৭
ই-মেইল ddopsavhqs@gmail.com


১৪/১২/২০২৩

১। ডেপুটি কমান্ড্যান্ট ও কমান্ড্যান্ট (ভারপ্রাপ্ত)
আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।

২। উপমহাপরিচালক/পরিচালক (সকল)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, .................. রেঞ্জ, .........................

৩। পরিচালক/অধিনায়ক........আনসার ব্যাটালিয়ন, (সকল) ................................।

৪। পরিচালক, ঢাকা মহানগর আনসার, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা।

৫। পরিচালক, আনসার গার্ড ব্যাটালিয়ন, ভাটারা, ঢাকা।

৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ..............(সকল)

৭। জোন কমান্ডার, ................ জোন, ঢাকা/চট্টগ্রাম, মহানগর আনসার।

৮। অধিনায়ক, ভিটিসি কলাকোপা নবাবগঞ্জ, ঢাকা/ গাজীপুর।

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৫১.০২০.১৫.১২৫০

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত)
জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য।

৩। অতিরিক্ত মহাপরিচালক
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৪। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন্‌স/প্রশিক্ষণ)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

৫। উপপরিচালক [সমন্বয়/পিএস টু ডিজি]
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৬। উপপরিচালক (মনিটরিং)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

অবগতির জন্য।

৭। অফিস/মাস্টার কপি।

উপপরিচালক (অপারেশন)